



**WEST BENGAL STATE UNIVERSITY**  
B.A. Honours Part-III Examination, 2020

বাংলা

সপ্তম পত্র

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৫০

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।  
পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।

- ১। নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ ১০×১= ১০
- (ক) ব্যক্তিগত প্রবন্ধ ও রম্যরচনার মধ্যে কোথায় মিল এবং কোথায় অমিল তা উদাহরণ সহযোগে বুঝিয়ে দাও। ৫+৫
- (খ) একালের সাহিত্য সমালোচনার যে-কোনো দুটি পদ্ধতি দৃষ্টান্তসহ আলোচনা করো। ১০
- (গ) পত্রসাহিত্যের সংজ্ঞা দাও। সাধারণপত্র কখন পত্রসাহিত্য বলে বিবেচিত হয় দৃষ্টান্তসহ লেখো। ৩+৭
- (ঘ) সংক্ষিপ্ত পরিচয় দাওঃ (যে-কোনো দুটি) ৫+৫
- (অ) তুলনামূলক সমালোচনা; (আ) ভ্রমণসাহিত্য; (ই) ডায়েরি।
- নিম্নলিখিত প্রশ্ন ২-৫ পর্যন্ত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও ১৫×২= ৩০
- ২। ‘নির্মল শুভ্র সংযত হাস্য বঙ্কিমই সর্বপ্রথমে বঙ্গসাহিত্যে আনয়ন করেন’ — রবীন্দ্রনাথের এই মন্তব্য ‘কমলা কান্তের দপ্তর’ গ্রন্থে তোমার পাঠ্য প্রবন্ধগুলি সম্পর্কে কতখানি প্রযোজ্য আলোচনা করো। ১৫
- অথবা
- ‘মনুষ্য মাত্রই পতঙ্গ, সকলেরই এক একটি বহি আছে....।’ কোন্ রচনার অংশ? এখানে রূপকের আশ্রয়ে দার্শনিক রূপমুগ্ধতা ও জীবনসত্যকে লেখক কীভাবে আভাসিত করেছেন তা রচনাটি অনুসরণে বুঝিয়ে লেখো। ১৫
- ৩। ‘প্রকৃতির চিত্ররসে ছিন্নপত্র রসায়িত।’ — প্রাসঙ্গিক পত্র অবলম্বনে উক্তিটির যথার্থতা বিচার করো। ১৫
- অথবা
- ‘ছিন্নপত্র’ বহু পত্রের সংকলনগ্রন্থ হলেও তার মধ্য দিয়ে পত্রসাহিত্যের লক্ষণগুলি ফুটে উঠেছে — আলোচনা করো। ১৫
- ৪। রাষ্ট্রভাষা রূপে হিন্দিকে গ্রহণ করার পক্ষে ও বিপক্ষে প্রাবন্ধিক অন্নদাশংকর রায় কী কী যুক্তি উপস্থাপন করেছেন, তা ‘যে দেশে বহু ধর্ম বহু ভাষা’ প্রবন্ধ অবলম্বনে লেখো। ১৫
- অথবা
- ‘কৃষি সমস্যা ও আমরা’ প্রবন্ধে লেখক সোভিয়েট ইউনিয়ন ও চীনের প্রাথমিক পর্বের কৃষি সমস্যা নিয়ে যে আলোচনা করেছেন তার সংক্ষিপ্ত পরিচয় দাও। প্রসঙ্গত, তাঁর মতানুসারে স্বাধীন ভারতবর্ষের প্রথম দুই দশকে এ বিষয়ে আমাদের অনগ্রসরতার কারণগুলি উল্লেখ করো। ৯+৬=১৫

- ৫। কল্লোল-গোষ্ঠীর কবিরা রবীন্দ্রনাথকে অতিক্রম করার সাধনায় কীভাবে অগ্রসর হলেন এবং কতখানি সাফল্য লাভ করলেন, তা ‘রবীন্দ্রনাথ ও উত্তর সাধক’ প্রবন্ধ অবলম্বনে পর্যালোচনা করো। ১৫

অথবা

“ইতিহাসের তিনটি বড় রকমের সমুখানের মধ্য দিয়ে আধুনিকতার এই ক্রমবিকাশকেও আমরা চিহ্নিত করতে পারি।” – উল্লিখিত তিনটি সমুখানের মধ্যে দিয়ে সাহিত্য কীভাবে আধুনিক হয়ে উঠেছে এবং তৃতীয় সমুখান পর্বটি বাংলা সাহিত্যকে কতখানি প্রভাবিত করতে পেরেছে — তা বুঝিয়ে লেখো। ১০+৫= ১৫

- ৬। নিম্নলিখিত **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করোঃ ১০

- (ক) মধ্যযুগের বাংলা সাহিত্যে নিম্নবর্গীয় জীবন ও সমাজ।  
(খ) ঊনবিংশ শতাব্দীর বাংলা কাব্যে স্বদেশ চেতনা।  
(গ) বাংলা গদ্য সাহিত্যে বিদ্যাসাগরের অবদান।  
(ঘ) স্বাধীনতা পরবর্তী বাংলা ছোটগল্পের গতি-প্রকৃতি।  
(ঙ) রবীন্দ্রনাটকে সঙ্গীতের ব্যবহার।  
(চ) বাংলা লিটল ম্যাগাজিন – সেকাল ও একাল।

—x—